ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় : অর্থনীতি বিভাগে ০১ (এক)টি স্থায়ী সহযোগী অধ্যাপকের পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল ঃ ৫০,০০০-৭১,২০০ টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)

শিক্ষাগত যোগ্যতা ঃ প্রার্থীদের অবশ্যই অর্থনীতি বিষয়ে উচ্চতর যোগ্যতার অধিকারী হতে হবে। তাঁদের অর্থনীতি বিষয়ে পিএইচডি কিংবা সমমানের ডিগ্রি থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয় অথবা কোন উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে তাঁদের কমপক্ষে ০৭ (সাত) বছরের শিক্ষাদান এবং গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের প্রকাশিত মৌলিক গবেষণামূলক প্রবন্ধ থাকতে হবে। শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সার্টিফিকেট, মার্কসীট/প্রশংসাপত্র/গ্রেডশীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ১১ (এগার) কপি দরখাস্ত ২১/০৮/২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০ এর নিকট পৌছাতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

জি-১৯৬৭/০৭/২২ (৫"X৩)

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ আরবী বিভাগের ১ (এক)টি স্থায়ী সহকারী অধ্যাপক পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল ঃ ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫)।

যোগ্যতা ঃ প্রার্থীদের অবশ্যই এস.এস.সি এবং এইচ.এস.সি-তে ন্যূনতম প্রথম বিভাগ/জি.পি.এ. এর ক্ষেত্রে ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫-সহ আরবী বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রী পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণি/সি.জি.পি.এ এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ৩.৫০ প্রাপ্ত হতে হবে। কোন বিশ্ববিদ্যালয়ে তাদের কমপক্ষে ৩ (তিন) বৎসরের শিক্ষাদান ও গবেষণার অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় ৩ (তিন)টি প্রকাশিত প্রবন্ধ থাকতে হবে। Predatory journal এর প্রকাশনা গ্রহণ করা হবে না। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে পি-এইচ.ডি ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট **০৩.০৮.২০২২** তারিখের মধ্যে পৌঁছাতে হবে। প্রত্যেক কপি দরখাস্তের সাথে সার্টিফিকেট, মার্কসিট, প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

জি-১৯০৯/০৭/২২ (৫"x৪)

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ শক্তি ইনস্টিটিউটে ০১ (এক)টি স্থায়ী **সহকারী অধ্যাপকের** পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হইতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতা ঃ প্রার্থীদের এস.এস.সি. ও এইচ.এস.সি. পরীক্ষায় প্রথম বিভাগ বা জি.পি.এ.-এর ক্ষেত্রে ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫সহ ফলিত পদার্থ ও ইলেকট্রনিক্স/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে অনার্স ও মাস্টার্স পরীক্ষায় প্রথম শ্রেণী বা সি.জি.পি.এ-এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি প্রাপ্ত হতে হবে। প্রার্থীকে বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ৩(তিন) বছরের শিক্ষকতা ও গবেষণার অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় ৩(তিন) টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। নবায়নযোগ্য শক্তি বিষয়ে এম.এস পর্যায়ে শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানের জন্য শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। অন্যান্য যোগ্যতা সমান থাকলে পিএইচ.ডি. ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সার্টিফিকেট, মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) কপি দরখাস্ত **০৮.০৮.২০২২** তারিখের মধ্যে পরিচালক, শক্তি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০ এর নিকট পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

জি-১৯১০/০৭/২২ (৫"x৪)

ঢাকা বিশ্ববিদ্যালয় : আবহাওয়াবিজ্ঞান বিভাগে ০১ (এক)টি স্থায়ী প্রভাষকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল : ২২,০০০-৫৩,০৬০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতা : প্রার্থীদের আবহাওয়াবিজ্ঞান/ভূগোল ও পরিবেশ/গণিত/ফলিত গণিত বিষয়ে অনার্স পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ এবং আবহাওয়াবিজ্ঞান/ভূগোল ও পরিবেশ/গণিত/ফলিত গণিত বিষয়ে মাস্টার্স পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০সহ এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। তবে অনার্স অথবা মাস্টার্স পরীক্ষায় প্রথম শ্রেণিতে প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অধিকারী প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি অথবা এইচএসসি পরীক্ষায় জিপিএ এর শর্ত শিথিলযোগ্য। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রিধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। দরখাস্তের প্রত্যেক কপির সাথে সার্টিফিকেট, মার্কশিট, প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ২১/০৭/২০২২। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

আধুনিক ভাষা ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়
নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের দফতরে অফিস চলাকালীন সময়ে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে নিম্নোক্ত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা হইতেছে:

আরবি/বাংলা/চীনা/কোরীয় ভাষায় সহকারী অধ্যাপক (স্থায়ী পদ) : ১টি

জাতীয় বেতন স্কেল ২০১৫ : টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- এবং তৎসহ বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী অন্যান্য ভাতা।

ন্যূনতম যোগ্যতা : প্রার্থীর এসএসসি এবং এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় প্রথম শ্রেণি অথবা জিপিএ/সিজিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে ৪.২৫ সহ আরবি/বাংলা/চীনা/কোরীয় ভাষায় স্নাতক (সম্মান) ও সংশ্লিষ্ট ভাষায় স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয়টিতে প্রথম শ্রেণি অথবা সিজিপিএ স্কেল এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ৩.৫০ অথবা কোনো বিদেশি বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট ভাষায় সমমানের ডিগ্রি প্রাপ্ত হইতে হইবে।

প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে বিদেশি ভাষা হিসেবে আরবি/বাংলা/চীনা/কোরীয় ভাষা শিক্ষা দানে কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ স্বীকৃত মানের পত্রিকায় ০৩ (তিন) টি প্রকাশিত গবেষণামূলক প্রবন্ধ থাকিতে হইবে। Predatory Journal-এ প্রকাশিত প্রবন্ধ গ্রহণ করা হবে না। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষক হিসেবে অভিজ্ঞতা এবং দক্ষতাসহ বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করিয়া শিক্ষার্থীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদান অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হইবে। উল্লেখিত শর্তাবলে একই থাকিলে এমফিল/পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

সকল সার্টিফিকেট, প্রশংসাপত্র, নম্বরপত্র ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত কপি এবং **রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের ক্রয়কৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ (অফেরতযোগ্য) ০৮ (আট) কপি দরখাস্ত পরিচালক, আধুনিক ভাষা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর ২১ জুলাই ২০২২ তারিখের মধ্যে ইনস্টিটিউটে পৌঁছাইতে হইবে**। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

পরিচালক

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ টাঃ ১১,৩০০-২৭,৩০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) অর্গানাইজেশন স্ট্র্যাটেজি অ্যান্ড লিডারশিপ বিভাগের ১(এক) টি 'প্রধান সহকারী-কাম-কম্পিউটার অপারেটর' শূন্যপদ পূরণের জন্য আগ্রহী বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/সমমানের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ সহ স্নাতক পাস হতে হবে। প্রার্থীকে প্রশাসনিক/সংশ্লিষ্ট কাজে ০৬ (ছয়) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাসের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রার-এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর লিখিত আবেদনপত্র আগামী ২৮-০৭-২০২২ খ্রিষ্টাব্দ/১৩-০৪-১৪২৯ বঙ্গাব্দ তারিখের মধ্যে চেয়ারম্যান, অর্গানাইজেশন স্ট্র্যাটেজি অ্যান্ড লিডারশিপ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে।

চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরির অভিজ্ঞতা সম্পন্ন এবং CSE/IT প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

ডিজি-১৫১৯/২২ (৬´×৩)